গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
(মূসক বাস্তবায়ন পণ্য শাখা)

## সভার কার্যবিবরণী

**বিষয়:** **যথাযথ মূল্যে সিগারেট বিক্রয় এবং সিগারেট স্ট্যাম্প/ব্যান্ডরোলের জাল জালিয়াতি প্রতিরোধ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভার স্থান : জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ১২ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ ও সকাল ১১:০০ ঘটিকা ।
সভাপতি : জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।

০২। গত ১২/০৯/২০১৮ খ্রিঃ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে সিগারেট খাতে যথাযথ রাজস্ব আহরণ নিশ্চিত করার লক্ষ্যে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি এঁর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সদস্যগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে দেখানো হলো। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

০৩। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নলিখিত আলোচনা হয়:

(১) সভার শুরুতেই ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ (বিএটিবি) এর প্রতিনিধি জনাব শেখ শাহাবাব আহমেদ, কমার্শিয়াল এ্যাফেয়ার্স ম্যানেজার, লিগাল এন্ড এক্সটারনাল এ্যাফেয়ার্স সিগারেট শুল্ক ফাঁকি বিষয়ে একটি Power Point উপস্থাপনা করেন। উপস্থাপনায় সিগারেটের শুল্ক হার, শুল্ক ফাঁকির ধরণ, শুল্ক ফাঁকি দেয়া সিগারেটের বিপণন কৌশল ইত্যাদি নিয়ে আলোকপাত করা হয়। তথ্য দিয়ে জাতীয় রাজস্ব বোর্ডকে সহায়তা করা এবং অসৎ ব্যবসায়ী সনাক্ত করতে সাহায্য করার জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ লিঃ (বিএটিবি), ঢাকা টোব্যাকো ইন্ডাস্ট্রিজ লিঃ (ডিটিআই) ও আবুল খায়ের টোব্যাকো লিঃ (একেটিএল) এর প্রতি বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। উপস্থাপনা শেষে সভাপতি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য জনাব রেজাউল হাসান (সদস্য-মূসক নীতি), শাহ্নাজ পারভীন (মূসক-বাস্তবায়ন আইটি), মোঃ লুৎফর রহমান (সদস্য-মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), মহাপরিচালক, নিরীক্ষা ও গোয়েন্দা তদন্ত অধিদপ্তর (মূল্য সংযোজন কর), মহাপরিচালক, শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের সকল কমিশনারগণদের সাথে বিস্তারিত আলোচনা করেন।

(২) জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৭০-আইন/২০১৮/৭৯৩-মূসক, তারিখঃ ০৭/০৬/২০১৮ এবং সংশোধিত প্রজ্ঞাপন এস.আর.ও নং ২০৮-আইন/২০১৮/৮১১-মূসক, তারিখঃ ২৮/০৬/২০১৮ খ্রি. এর মাধ্যমে প্রতি দশ শলাকার সিগারেটের নিম্নস্তর, মধ্যস্তর ও উচ্চস্তরের খুচরা মূল্য যথাক্রমে ৩৫ টাকা, ৪৮ টাকা ও ৭৫ টাকা নির্ধারণ করা হয়। সরকার নির্ধারিত নিম্নস্তরের ৩৫ টাকা মূল্যমানের সিগারেট নির্ধারিত মূল্যের চেয়ে কম মূল্যে বিক্রি করে ব্যাপকভাবে রাজস্ব ফাঁকি হচ্ছে মর্মে প্রাপ্ত অভিযোগের আলোকে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোকপাত করা হয়।

(৩) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বলেন যে, আমাদের প্রধান কাজ সরকারের প্রাপ্য রাজস্ব নিশ্চিত করে। আর এই রাজস্ব ফাঁকি দেয়া গুরুতর অপরাধ। সভায় সার্বিক আলোচনায় কমিশনারদের আরো সক্রিয় এবং কঠোরভাবে এই খাতের অনিয়ম দূরীকরণের জন্য নির্দেশ দেয়া হয়।

(৪) মিজ শাহ্নাজ পারভীন, সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) বলেন যে, সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান মূল্য সংযোজন কর আইনের ধারা ২৬(খ) অনুযায়ী তত্ত্বাবধানাধীন সরবরাহ (Supervised Supply), পর্যবেক্ষণ ও নজরদারি সংক্রান্ত বিধানের আওতায় পরিচালিত বিধায় এ ব্যবস্থা যথাযথভাবে কার্যকর করার

মাধ্যমে নকল/জাল ব্যান্ডরোল ব্যবহার, পুনঃব্যবহৃত ব্যান্ডরোল ও ব্যান্ডরোলবিহীন সিগারেট বাজারে বিপণনের মাধ্যমে যে শুল্ক ফাঁকি হয় সেটি রোধ করা সম্ভব।

(৫) জনাব মোঃ লুৎফর রহমান (সদস্য-মূসক নিরীক্ষা ও গোয়েন্দা) বলেন যে, উচ্চ শুল্কহার পণ্যের ক্ষেত্রে শুল্ক ফাঁকির প্রবনতা বেশি দেখা যায়। এক্ষেত্রে সকলের সমন্বয়ে টিম ওয়ার্ক হিসেবে কাজ করতে হবে। এ বিষয়ে প্রয়োজনে আইন শৃংখলা বাহিনীর সহায়তা গ্রহণের জন্য ব্যবস্থা নেয়ার পরামর্শ দেন।

(৬) জনাব রেজাউল হাসান (সদস্য-মূসক নীতি) কমিশনারেট ভিত্তিক সকল সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহপূর্বক বিশ্লেষণ করা জরুরী মর্মে সভায় মত প্রকাশ করেন।

(৭) কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপণ এস.আর.ও নং ২৮-আইন/৯৭/১৪৪-মূসক, তারিখঃ ২০/০১/১৯৯৭ এর আওতায় বাংলাদেশ নৌবাহিনীর কর্মকর্তা ও নাবিকদের ভোগের নিমিত্তে মূসক ও সম্পূরক শুল্ক অব্যহতি প্রাপ্ত সিগারেট এর অপব্যবহারের মাধ্যমে সিগারেট বাজারে আসছে মর্মে তথ্য উপস্থাপন করেন।

০৩। উপর্যুক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১) সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তত্ত্বাবধানাধীন সরবরাহ (Supervised Supply) ব্যবস্থা যথাযথভাবে কার্যকর করার জন্য কমিশনারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(২) সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের তদারকি বিষয়ে যে আদেশ জারী করা হয় তাতে কর্মকর্তাগণের দায়িত্ব ও কর্তব্য সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে। আদেশ জারির পাশাপাশি কর্মকর্তাদেরকে মৌখিকভাবে দায়িত্ব পালনের কর্মকৌশল সম্পর্কে সম্যক ধারণা প্রদান করতে হবে;

(৩) তত্ত্বাবধানাধীন সরবরাহ (Supervised Supply), পর্যবেক্ষণ ও নজরদারি এর দায়িত্বে থাকা সহকারী রাজস্ব কর্মকর্তাদের দায়িত্ব যথাযথভাবে পালন নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালনে অবহেলার প্রমান পাওয়া গেলে অনতিবিলম্বে বিভাগীয় মামলার প্রক্রিয়া গ্রহণ করা হবে মর্মে স্ব-স্ব কমিশনার কমিশনারেট হতে পত্র জারি করবেন;

(৪) প্রতিটি সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের মেশিনের সংখ্যা এবং প্রতিটি মেশিনের উৎপাদন ক্ষমতা সহকারী কমিশনার পদমর্যদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা সরেজমিনে যাচাই করবেন;

(৫) সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও তদাধীনে প্রনীত বিধিমালা, আদেশ-নির্দেশ পরিপালন নিশ্চিত করতে হবে। যেমন, প্রতিটি প্রতিষ্ঠান কর্তৃক প্রতিটি ব্র্যান্ডের বিপরীতে যথাসময়ে মূসক-১ ঘোষণা নিশ্চিত করা, উপকরণ ক্রয় তথ্যাদি ক্রয় রেজিস্ট্রারে (মূসক-১৬) এ এন্ট্রি নিশ্চিত করা, স্ট্যাম্প ও ব্যান্ডরোলের হিসাব নিয়মিত সমন্বয় করা;

(৬) প্রত্যেক কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট স্ব-স্ব কমিশনারেট এর অধিক্ষেত্রে কোন অনিবন্ধিত সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান আছে কিনা, নিবন্ধিত সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের প্রকৃত সংখ্যা, বন্ধ প্রতিষ্ঠান ও পুনঃনিবন্ধিত প্রতিষ্ঠানের তালিকা সরেজমিনে যাচাইপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে একটি প্রতিবেদন ১০/১০/২০১৮ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবে;

(৭) সিগারেট এর রাজস্ব ফাঁকি প্রতিরোধ কল্পে নিরীক্ষা ও গোয়েন্দা তদন্ত অধিদপ্তর (মূল্য সংযোজন কর) অগ্রাধিকার ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করবে;

(৮) সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক শুল্ক কর ফাঁকি প্রতিরোধকল্পে সিগারেট উৎপাদন পরবর্তী পরিবহণ ও সরবরাহ কার্যক্রমের উপর এবং বাজারে সরকার নির্ধারিত খুচরা মূল্যের চেয়ে কম মূল্যে সিগারেট বিক্রয় হচ্ছে কিনা সে বিষয়ে সকল মূল্য সংযোজন কর কমিশনারেট ও নিরীক্ষা ও গোয়েন্দা তদন্ত অধিদপ্তর (মূল্য সংযোজন কর) নিবিড় পর্যবেক্ষণ কার্যকর করবে;

(৯) অবৈধ ও ব্যান্ডরোল বিহীন এবং শুল্ক কর ফাঁকি দেয়া সিগারেট বাজারজাত বন্ধে আইনশৃংখলা বাহিনীকে মূল্য সংযোজন কর আইনের ধারা ২৪ অনুযায়ী মূসক কর্মকর্তাকে সহায়তা প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে পত্র প্রেরণ করতে হবে;

(১০) জাল স্ট্যাম্প/ব্যান্ডরোল চিহ্নিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সিকিউরিটি ফিচার বিষয়ে সম্যক ধারণা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ (এসপিসিবিএল)কে জাতীয় রাজস্ব বোর্ড অনুরোধ করবে;

(১১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপণ এস.আর.ও নং ২৮-আইন/৯৭/১৪৪-মূসক, তারিখঃ ২০/০১/১৯৯৭ মূসক-নীতি শাখা হতে তথ্য উপাত্তের আলোকে প্রয়োজনীয় সংশোধনী আনয়ণের ব্যবস্থা নেয়া হবে । এছাড়া বিদ্যমান এস.আর.ও এর আওতায় যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে কোস্ট গার্ডের ও জাহাজের নাবিকদেরকে সিগারেট সরবরাহ করতে হবে এবং সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এটি মনিটরিং করবে;

(১২) যে কোন প্রতিষ্ঠানে সিগারেট আটক হলে আটক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে তালাবদ্ধকরণসহ সকল গৃহীত আইনানুগ কার্যক্রম বিষয়ে গণমাধ্যমে ব্যাপকভাবে প্রচরণা চালাতে হবে।

(১৩) কোন প্রতিষ্ঠানের বেআইনী কার্যক্রম প্রমাণিত হলে প্রতিষ্ঠান তালাবদ্ধকরণসহ লাইসেন্স বাতিলের কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত/- ১৮/০৯/২০১৮ খ্রি.।
**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)**
**সিনিয়র সচিব**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**ও**
**চেয়ারম্যান**
**জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।**

নথি নং- ০৮.০১.০০০০.০৭১.০০২.০১০.২০১৬/ ১০৮ (১-২২)

তারিখ:- ০৩ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ। / ১৮/০৯/২০১৮ খ্রি.।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

০১। সদস্য (মূসক-নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০২। সদস্য (মূসক-বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। সদস্য (মূসক-নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৪-১৫। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/রাজশাহী/যশোর/কুমিল্লা/সিলেট/রংপুর/চট্টগ্রাম/খুলনা/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা ।

১৬। মহাপরিচালক, নিরীক্ষা ও গোয়েন্দা তদন্ত অধিদপ্তর (মূল্য সংযোজন কর), ঢাকা।

১৭। মহাপরিচালক, শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

১৮। সভাপতি, বাংলাদেশ সিগারেট ম্যানুফ্যাকচারর্স এসোসিয়েশন, কিছুক্ষণ ভবন, উলান রোড, রামপুরা, ঢাকা।

১৯। ব্যবস্থাপনা পরিচালক, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো কোং লিঃ, মহাখালী, ঢাকা ।

২০। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা টোব্যাকো কোং লিঃ, টংগী, গাজীপুর ।

২১। ব্যবস্থাপনা পরিচালক, আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ, লাকসাম, কুমিল্লা ।

২২। পি. এস. টু চেয়াম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮/০৯/১৮

**কাঞ্চন রানী দত্ত**
দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন পণ্য)

০/০